

## PRESS CLIP

\_\_\_\_\_\_

Publication: - Anandabazar Patrika

**Date: -** 24<sup>th</sup> April 2020

**Page:-**08

The Bengal Chamber adopted Gariahat, Jodhpur Park & Bansdroni Markets in the sanitizing drive of Government of West Bengal against COVID-19.

## এক নজরে

## বাজার কমিটির পাশে বণিকসভা

▶ করোনা মোকাবিলায় সতৰ্কতামূলক ব্যবস্থা হিসেবে ইতিমধ্যেই একাধিক পদক্ষেপ করেছে শহরের বিভিন্ন বাজার কমিটি। এ বার দক্ষিণ কলকাতার বাঁশদ্রোণী, গডিয়াহাট এবং যোধপুর পার্ক বাজার জীবাণুমুক্ত করতে এগিয়ে এল বণিকসভা বেঙ্গল চেম্বার অব কমার্স। বৃহস্পতিবার তাদের তরফে বাঁশদ্রোণী বাজার কমিটির হাতে থার্মাল গান, গ্লাভস, মাস্ক ও স্যানিটাইজার তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট বরোর চেয়ারম্যান তপন দাশগুপ্ত। ওই বাজারে প্রায় ৭০ জন বিক্রেতা আছেন। তপনবাবু জানান, রাজ্য সরকারের নিয়ম মেনে এবং দূরত্ব-বিধি বজায় রেখে কেনাবেচা চলছে সেখানে। এর আগে বেঙ্গল চেম্বারের তরফে গড়িয়াহাট এবং যোধপুর পার্ক বাজার কমিটির হাতেও স্যানিটাইজার, পুনর্ব্যবহারযোগ্য মাস্ক, গ্লাভস ও সাবান দেওয়া হয়েছে। সংস্থার তরফে জানানো হয়েছে, প্রয়োজনে আবারও বিভিন্ন বাজারে এমন সাহায্য করা হবে।

